

A.P.O.A)
Rafiqul
৩০.১২.২০



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-(অংশ-২)-৬১০

তারিখ: ১৫ পৌষ ১৪২৭
৩০ ডিসেম্বর ২০২০

বিষয়: মনোনয়নপত্র দাখিলের সুবিধার্থে নির্ধারিত পৌর এলাকায় তফসিলি ব্যাংক খোলা রাখার আদেশ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, তৃতীয় ধাপের ৬৪টি পৌরসভায় সাধারণ নির্বাচন আগামী ৩০ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠানের জন্য তফসিল ঘোষণা করা হয়েছে। ঘোষিত তফসিল অনুসারে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ ৩১ ডিসেম্বর ২০২০ (বৃহস্পতিবার)। মনোনয়নপত্র দাখিলের জন্য নির্ধারিত শেষ তারিখে জামানতের অর্থ ট্রেজারি চালান/পে-অর্ডারের মাধ্যমে জমা দেয়ার সুবিধার্থে নির্ধারিত জেলার মধ্যে সময়সূচির প্রজ্ঞাপনে অন্তর্ভুক্ত পৌর এলাকার তফসিলি ব্যাংকসমূহ খোলা রাখার আদেশ প্রদানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

০২। বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্ত: পৌরসভার তালিকাসহ সময়সূচির প্রজ্ঞাপন

(মোঃ আভিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-০২ অধিশাখা
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৫২৫

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
ঢাকা

দৃষ্টি আকর্ষণ - জেনারেল ম্যানেজার (ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন)

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-(অংশ-২)-৬১০

তারিখ: ১৫ পৌষ ১৪২৭
৩০ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. বিভাগীয় কমিশনার, (সংশ্লিষ্ট)
৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৬. জেলা প্রশাসক, (সংশ্লিষ্ট)
৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সংশ্লিষ্ট) অঞ্চল
৮. সিনিয়র জেলা নির্বাচন অফিসার / জেলা নির্বাচন অফিসার (সংশ্লিষ্ট)
৯. অফিসার (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
১০. উপজেলা নির্বাহী অফিসার, (সংশ্লিষ্ট)
১১. ম্যানেজার, (সংশ্লিষ্ট) শাখা
১২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
(নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫. উপজেলা/থানা নির্বাচন অফিসার,(সংশ্লিষ্ট)



(মোহাম্মদ মোরশেদ আলম)

সিনিয়র সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা

ফোন: ০২-৫৫০০৭৬১০